# বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা।

## বিষয়: বার্ষিক প্রতিবেদন ২০২৩-২০২৪।

### ০১. সংক্ষিপ্ত পরিচিতি এবং উল্লেখযোগ্য তথ্যাদি:

- বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের ডাক ও টেলিযোগাযোগ বিভাগ নিয়ন্ত্রিত একটি শিল্প প্রতিষ্ঠান। ১৯৬৭ সালের তৎকালীন পাকিস্তান সরকার এবং পশ্চিম জার্মানীর মেসার্স সিমেন্স এ.জি-এর যৌথ উদ্যোগে এই প্রতিষ্ঠানটি খুলনায় স্থাপিত হয়। ১৯৭২ সাল থেকে এ প্রতিষ্ঠানটি বাণিজ্যিকভাবে আন্তর্জাতিক মানসম্পন্ন টেলিযোগাযোগ কপার ক্যাবল উৎপাদন করে দেশের ১০০% চাহিদা পূরণ করে আসছে।

- তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যাপক প্রসারে অপটিক্যাল ফাইবার ক্যাবল-এর ক্রমবর্ধমান চাহিদা বৃদ্ধির কথা বিবেচনা করে অত্র প্রতিষ্ঠানে ২০১০-২০১১ সালে প্রায় ১০ কোটি টাকা ব্যয়ে একটি অত্যাধুনিক প্রযুক্তির অপটিক্যাল ফাইবার ক্যাবল ম্যানুফ্যাকচারিং প্ল্যান্ট স্থাপন করা হয়। পরবর্তীতে আরো মেশিন সংযোজনের মাধ্যমে বর্তমানে এই প্ল্যান্টের উৎপাদন ক্ষমতা প্রায় ২০,০০০ কিলোমিটারে উন্নীত করা হয়েছে।

- ভূ-গর্ভস্থ অপটিক্যাল ফাইবার ক্যাবল সংযোগ স্থাপনে ব্যবহৃত HDPE Silicon DUCT-এর ব্যাপক চাহিদার কথা বিবেচনা করে ২০১৬-২০১৭ অর্থ-বছরে ২.২৫ কোটি টাকা ব্যয়ে HDPE Silicon DUCT তৈরির প্রথম প্ল্যান্ট স্থাপন করা হয়েছে এবং পরবর্তীকালে উৎপাদন ক্ষমতা বৃদ্ধির জন্য ২০২২-২০২৩ অর্থবছরে নতুন ২টি ডাক্ট মেশিন সংযোজন করে প্ল্যান্টের উৎপাদন ক্ষমতা বর্তমানে ৬,৫০০ কিলোমিটারে উন্নীত করা হয়েছে।

- উৎপাদন বহুমূখীকরণের লক্ষ্যে প্রায় ২৪.১৬ কোটি টাকা ব্যয়ে ২০১৯ সালে বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর ও ক্যাবল তৈরির প্ল্যান্ট স্থাপন করা হয়েছে যার বর্তমানে বাণিজ্যিক উৎপাদন চলছে। দেশের ভেতরে ডিপিডিসি, ডেসকো, নেসকো ও পল্লী বিদ্যুতায়ন বোর্ড সহ অনেক বেসরকারি প্রতিষ্ঠানে পাওয়ার ক্যাবল ও ওভারহেড কন্ডাক্টর সরবরাহ করা হয়েছে। বর্তমানে এর বার্ষিক উৎপাদন ক্ষমতা ৬০০ মেট্রিক টন।

- বিটিসিএল-এর GPON এবং FTTH এর জন্য Drop Fiber Cable, Simplex, Duplex Cable, Patch Cable উৎপাদনের জন্য অত্যাধুনিক প্রযুক্তির মেশিন স্থাপন করা হয়েছে যা বর্তমানে চালু আছে।

- নতুন পণ্য হিসেবে Patch Cord ও Pigtail উৎপাদনের জন্য ২০২৩-২০২৪ অর্থবছরে প্রয়োজনীয় ইক্যুইপমেন্ট স্থাপন করা হয়েছে। এই প্ল্যান্ট হতে দৈনিক ২০০ পিস পণ্য উৎপাদন করা সম্ভব হবে।

- নতুন পণ্য সুপার এনামেল কপার ওয়্যার উৎপাদন প্লান্ট স্থাপনের কার্যক্রম চলছে এবং ২০২৪ সালের ডিসেম্বর মাসের মধ্যে বাণিজ্যিক উৎপাদন শুরু হবে। এই প্ল্যান্টের বার্ষিক উৎপাদন ক্ষমতা হবে ৩০০ মেট্রিক টন।

- বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা-এর প্রধান ফটক:



| | |
|---|---|
| ১.১ প্রতিষ্ঠানের ধরণ: | পাবলিক লিমিটেড কোম্পানি। |
| ১.২ ভিত্তিপ্রস্তর স্থাপন: | ৮ মে, ১৯৬৭ খ্রি.। |
| ১.৩ পরীক্ষামূলক উৎপাদন: | ১৯৭০ খ্রি.। |
| ১.৪ বাণিজ্যিক উৎপাদন: | ১০ ফেব্রুয়ারি, ১৯৭২ খ্রি.। |
| ১.৫ বার্ষিক উৎপাদন ক্ষমতা- | |
| টেলিফোন কপার ক্যাবল: | স্থাপিত ক্ষমতা: ১.২৫ লক্ষ কন্ডাক্টর কিলোমিটার।<br>বর্তমান অর্জনযোগ্য ক্ষমতা: ০.৭৫ লক্ষ কন্ডাক্টর কিলোমিটার। |
| অপটিক্যাল ফাইবার ক্যাবল: | স্থাপিত ক্ষমতাঃ ২২,০০০ কিলোমিটার।<br>বর্তমান অর্জনযোগ্য ক্ষমতাঃ ২০,০০০ কিলোমিটার। |
| এইচডিপিই সিলিকন ডাক্ট: | স্থাপিত ক্ষমতা: ৭,০০০ কিলোমিটার।<br>অর্জনযোগ্য ক্ষমতা: ৬,৫০০ কিলোমিটার। |
| বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর ও ক্যাবল: | স্থাপিত ক্ষমতা: ৬৫০ মেট্রিক টন।<br>অর্জনযোগ্য ক্ষমতা: ৬০০ মেট্রিক টন। |
| ১.৬ বাকেশির উৎপাদিত পণ্যসমূহ: | |
| টেলিফোন কপার ক্যাবল: | ২ হতে ২৪০০ জোড়া পর্যন্ত (আর্মার্ড ও নন-আর্মার্ড ক্যাবল, এরিয়াল ক্যাবল, ইনষ্টলেশন ক্যাবল, সাবমেরিন ক্যাবল, জাম্পার ওয়্যার, টি.আই.পি ক্যাবল, ড্রপ ওয়্যার ইত্যাদি)। |
| অপটিক্যাল ফাইবার ক্যাবল: | ২ হতে ১২ ফাইবার ইউনিটিউব আর্মার্ড ও নন-আর্মার্ড ক্যাবল।<br>১২ হতে ২১৬ ফাইবার লুজটিউব স্ট্রান্ডেড আর্মার্ড ও নন-আর্মার্ড ক্যাবল। |
| এইচডিপিই সিলিকন ডাক্ট: | ৩২/২৬ মিমি, ৩৪/২৮ মিমি, ৪০/৩৩ মিমি, ৫০/৪২ মিমি ও ৬৩/৫২ মিমি ব্যাসের ডাক্ট। |
| বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর ও ক্যাবল: | AAC-INS, AAC, ACSR, MHD Copper & Service drop Cable, XLPE Insulated Cable, PVC Insulated Copper & Aluminium Cable etc. |
| ১.৭ শেয়ার ব্যবস্থা: | (ক) অনুমোদিত মুলধন ২০০,০০,০০,০০০ টাকা।<br>(খ) ইস্যুকৃত মুলধন ৪৮,১৫,৮৫,৯৮০ টাকা।<br>(গ) মোট শেয়ার সংখ্যা ২০,০০,০০,০০০<br>(সাধারণ - ২০,০০,০০,০০০ + অগ্রাধিকার - ০)<br>(ঘ) ইস্যুকৃত শেয়ার সংখ্যা ৪,৮১,৫৮,৫৯৮<br>(সাধারণ- ৪,৮১,৫৮,৫৯৮ + অগ্রাধিকার-০)<br>(ঙ) প্রতি শেয়ারের মূল্য ১০ টাকা। |

## ০২. বাকেশি ভিশন ও মিশন:

**ভিশন-** উন্নত বাংলাদেশ গড়ার লক্ষ্যে আধুনিক টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি উন্নয়নে সহায়ক প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা।

**মিশন-** অপটিক্যাল ফাইবার ক্যাবল প্ল্যান্টের উৎপাদন সক্ষমতা বৃদ্ধিকরণসহ ক্যাবল লেইং-এর কাজে অপরিহার্য ডাক্ট পাইপ তৈরি করে ক্রেতাকে যথাসময়ে সরবরাহ করা এবং আমদানি নির্ভরতা কমিয়ে দেশের অর্থনীতিতে অবদান রাখা। দেশে ক্রমবর্ধমান চাহিদার ভিত্তিতে বাকেশিতে বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর এবং ক্যাবল উৎপাদন সহ কর্মসংস্থান সৃষ্টি ও ব্যবসায়িক পরিসর সম্প্রসারণ করে বেকারত্ব দূরীকরণ ও প্রাতিষ্ঠানিক কর্মকান্ড সুদৃঢ় করণের মাধ্যমে উন্নত বাংলাদেশ গড়তে সহায়ক ভূমিকা পালন করা ।

## ০৩. বাকেশি'র মিশন/ভিশন বাস্তবায়নে গৃহীত কার্যক্রম:

- ২০২৩-২৪ অর্থ বছরের জন্য বাকেশিতে টেলিফোন কপার ক্যাবল, অপটিক্যাল ফাইবার ক্যাবল, এইচডিপিই সিলিকন ডাক্ট এবং পাওয়ার ক্যাবল ও ওভারহেড কন্ডাক্টর-এর উৎপাদন লক্ষ্যমাত্রা যথাক্রমে ১০,০০০.০০ কন্ডাক্টর কিলোমিটার, ১০,০০০.০০ কিলোমিটার, ২,৫০০.০০ কিলোমিটার ও ২০০.০০ কিলোমিটার নির্ধারণ করা হলেও বাস্তবে অনেক বেশী উৎপাদন করা সম্ভব হয়েছে।
- আইসিটি বিভাগের বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল-এর অধীনে বাস্তবায়নাধীন ৭৭২টি ইউনিয়নে অপটিক্যাল ফাইবার নেটওয়ার্ক স্থাপনে “”কানেক্টেড বাংলাদেশ” শীর্ষক প্রকল্পে ৮,১০৬ কিলোমিটার অপটিক্যাল ফাইবার ক্যাবল ও ৫,০০০ কিলোমিটার এইচডিপিই সিলিকন ডাক্ট উৎপাদনপূর্বক সরবরাহের ক্রয়াদেশ পাওয়া যায় যার মূল্য প্রায় ১৫৮ কোটি টাকা। বর্ণিত অপটিক্যাল ফাইবার ক্যাবল ও এইচডিপিই সিলিকন ডাক্ট সরবরাহ উৎপাদন শেষ পর্যায়ে এবং এই পণ্য পুরোদমে সরবরাহের কার্যক্রম চলমান রয়েছে।
- বিটিসিএল-এর MoTN Project ও হাওড়-বাওড় Project এর অধীন ৮,৪৮১ কি.মি. অপটিক্যাল ফাইবার ক্যাবল ও ২৬০০ কিঃমিঃ ডাক্ট পাইপের ক্রয়াদেশ পাওয়া যায় যারমূল্য প্রায় ৪৯.৬৩ কোটি টাকা। বর্ণিত অপটিক্যাল ফাইবার ক্যাবল ও এইচডিপিই সিলিকন ডাক্ট সরবরাহ উৎপাদন শেষ করে তা পুরোদমে সরবরাহের কার্যক্রম চলমান রয়েছে।
- বিটিসিএল-এর অধীন বিভিন্ন উন্নয়ন ও সম্প্রসারণ কাজে প্রয়োজনীয় ৪,৫০০ কিলোমিটার অপটিক্যাল ফাইবার ক্যাবল, প্রায় ৮৫০ কিলোমিটার ডাক্ট সরবরাহ করা হয়েছে।
- বেসরকারি প্রতিষ্ঠান মেসার্স বাহন লিমিটেড এর চাহিদা অনুযায়ী প্রায় ৩,২০০ কিলোমিটার অপটিক্যাল ফাইবার ক্যাবল সরবরাহ করা হয়েছে।
- বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর ও ক্যাবল বাজারজাতকরণ আরও গতিশীল করতে দেশের বিদ্যুৎ বিতরণকারীর প্রতিষ্ঠানগুলোর সাথে নিবিড় যোগাযোগ অব্যাহত আছে। এ অর্থ বছরে ৫৬২ কিলোমিটার কন্ডাক্টর ও ক্যাবল সরবরাহ করা হয়েছে।
- বিটিসিএল সহ বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের সম্প্রসারণ, রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন কর্মকান্ডে ২০২৩-২০২৪ সালে প্রায় ২৫,৭৯০ কন্ডাক্টর কিলোমিটার টেলিযোগাযোগ কপার ক্যাবল সরবরাহ করা হয়েছে।
- অপটিক্যাল ফাইবার ক্যাবল ও এইচডিপিই সিলিকন ডাক্ট-এর বাজারজাতকরণ আরও গতিশীল করতে দেশীয় ব্যবহারকারীদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ অব্যাহত আছে। এরই ধারাবাহিকতায় বিটিসিএল, বাংলাদেশ সেনাবাহিনী, নৌবাহিনী, বিমানবাহিনী ও বেসরকারি প্রতিষ্ঠান মেসার্স সামিট কম্যুনিকেশন, ফাইবার এট হোম লিঃ, ব্রাদার্স কনষ্ট্রাকশন, হামিদা ট্রেডার্স, গ্রামীণফোন, কমনওয়েলথ এসোসিয়েটস, মেসার্স খুলনা ভিশন, ও অন্যান্য আই.এস.পি-র চাহিদার ভিত্তিতে ক্যাবল সরবরাহ করা হচ্ছে।
- বাকেশির ২০২৩-২০২৪ অর্থবছরের APA, নৈতিকতা ও শুদ্ধাচার কৌশল এবং ইনোভেশনসহ বিভিন্ন কর্মকান্ডের টার্গেট সংশ্লিষ্ট কর্মসূচি ও প্রশিক্ষণ কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করা হয়েছে।
- প্রতিষ্ঠানের জনবল চাহিদা পূরণে ২০২৩-২৪ অর্থবছরে ৪ জন কর্মকর্তা ও ১৩ জন কর্মচারী নিয়োগ দেওয়া হয়েছে। এই নিয়োগ সম্পন্ন হওয়ার ফলে বেশ কিছু কর্মসংস্থান সৃষ্টি হয়েছে যা দেশের বেকারত্ব দূরীকরণে সহায়ক ভূমিকা পালন করবে।
- ২০২৩-২৪ অর্থবছরে সরকারি কোষাগারে শুল্ক, ভ্যাট, আয়কর ইত্যাদি খাতে সর্বমোট প্রায় ৪২.০৯ কোটি টাকা জমা দেওয়া হয়েছে।

## ০৪. উন্নয়ন কার্যক্রম এবং ভবিষ্যৎ কর্ম-পরিকল্পনা:

### ০৪.১ অপটিক্যাল ফাইবার ক্যাবল উৎপাদন প্ল্যান্ট:

- ২০১১ সালে ১০ কোটি টাকা ব্যয়ে স্থাপিত অপটিক্যাল ফাইবার ক্যাবল তৈরির প্ল্যান্ট স্থাপনের পর এর উৎপাদিত ক্যাবলের মাধ্যমে দেশীয় সরকারি-বেসরকারি টেলিযোগাযোগ ও তথ্য-প্রযুক্তির অবকাঠামোগত উন্নয়নে ব্যাপক অগ্রগতি সাধিত হয়েছে। একই সাথে বাকেশির আর্থিক ও ব্যবসায়িক ক্ষেত্রেও উল্লেখযোগ্য উন্নয়ন ঘটেছে।

- চাহিদার সাথে সমন্বয় করে এই প্ল্যান্টের উৎপাদন সক্ষমতা বৃদ্ধি ও নিরবচ্ছিন্ন পরিচালনার সুবিধার্থে ইতোমধ্যে ২টি সিথিং লাইন মেশিন, ১টি সেকেন্ডারী কোটিং লাইন মেশিন ও ১টি এস-জেড স্ট্র্যান্ডিং লাইন মেশিন সংযোজন করা হয়েছে যার ফলে কারখানার বার্ষিক উৎপাদন সক্ষমতা ২০,০০০ কিলোমিটারে উন্নীত হয়েছে।
- বিটিসিএল-এর GPON এবং FTTH এর জন্য Drop Fiber Cable, Simplex, Duplex Cable, Patch Cable উৎপাদনের জন্য অত্যাধুনিক প্রযুক্তির মেশিন স্থাপন করা হয়েছে যা বর্তমানে চালু আছে।
- প্লান্টটির উৎপাদন নিরবচ্ছিন্নতা বজায় রেখে সক্ষমতা বৃদ্ধির জন্য নতুন একটি OFC Secondary Coating Line Machine শিপমেন্টের অপেক্ষায় আছে। আগামী ডিসেম্বর-২০২৪ এর মধ্যে মেশিনটি চালু হবে।

### ০৪.২ HDPE Silicon Core DUCT উৎপাদন প্ল্যান্ট:

- দেশীয় সরকারি-বেসরকারি প্রকল্পে অপটিক্যাল ফাইবার ক্যাবল-এর সমপরিমাণ HDPE Silicon Duct এর চাহিদা রয়েছে। এই চাহিদা বিবেচনা করে বাকেশিতে অত্যাধুনিক HDPE Silicon Duct উৎপাদন প্ল্যান্ট স্থাপন করা হয়েছে যা বিগত সেপ্টেম্বর, ২০১৬ হতে বাণিজ্যিক উৎপাদন শুরু করেছে।
- HDPE Silicon Duct-এর ব্যাপক চাহিদা বিবেচনায় HDPE Silicon Duct তৈরীর প্লান্টের উৎপাদন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে আরও ২টি নতুন মেশিন সংযোজন করা হয়েছে। ২০২২-২০২৩ অর্থবছরে আরও ১টি নতুন ডাক্ট মেশিন সংযোজন করে প্ল্যান্টের উৎপাদন ক্ষমতা বর্তমানে ৬,০০০ কিলোমিটারে উন্নীত করা হয়েছে।
- প্লান্টটির উৎপাদন সক্ষমতা আরও বৃদ্ধির জন্য নতুন আরও একটি High Speed HDPE Silicon Core Extrusion Line আগামী ডিসেম্বর-২০২৪ এর মধ্যে চালু হবে।
- উৎপাদিত DUCT দিয়ে বিটিসিএল সহ অন্যান্য প্রতিষ্ঠানের অধিকাংশ চাহিদা পূরণে অবদান রাখা সম্ভব হচ্ছে। এতে বিদেশ হতে আমদানি নির্ভরতা কিছুটা হলেও কমেছে এবং বৈদেশিক মুদ্রা সাশ্রয় হচ্ছে।

### ০৪.৩ বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর, সার্ভিস ড্রপ ক্যাবল ও বেয়ার/ইনস্যুলেটেড ওয়্যার উৎপাদন প্ল্যান্ট:

- প্রতিষ্ঠানের উৎপাদন বহমুখীকরণে প্রায় ২৪.১৬ কোটি টাকা ব্যয়ে ২০১৯ সালে বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর ও ক্যাবল তৈরির প্ল্যান্ট স্থাপন করা হয়েছে। বর্তমানে বাণিজ্যিকভাবে প্ল্যান্টটি চলমান রয়েছে এবং দেশীয় বিভিন্ন বিদ্যুৎ উৎপাদন ও বিপণনকারী সংস্থা-ডেসকো, ডিপিডিসি, পিজিসিবি, নেসকো ও আরইবি ইত্যাদি প্রতিষ্ঠানে সুনামের সাথে বৈদ্যুতিক ক্যাবল সরবরাহ করা হচ্ছে।
- এই প্ল্যান্ট-এর বার্ষিক উৎপাদন সক্ষমতা ৬০০ মেট্রিক টন।
- প্ল্যান্টটির উৎপাদন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে নতুন একটি 1+6 Tubular Stranding Machine, একটি Continuous Annealing Machine, একটি 800 mm Double Twist Bunching Machine এবং একটি Servo-hydraulic Universal Testing Machine (Steel Wire) ক্রয়ের জন্য ২০২৪-২৫ অর্থবছরের বাজেট-এ সংকুলান রাখা আছে।
- দেশের বিদ্যুৎ সেক্টরের অবকাঠামো উন্নয়নে অবদান রাখতে সহযোগী প্রতিষ্ঠান হিসেবে বাকেশি উল্লেখযোগ্য ভূমিকা রাখছে।

### ০৪.৪ Patch Cord ও Pigtail উৎপাদন প্ল্যান্ট:

- উৎপাদন বহমুখীকরণের অংশ হিসেবে নতুন পণ্য হিসেবে Patch Cord ও Pigtail উৎপাদন প্ল্যান্ট স্থাপন ও চালু করা হয়েছে।
- এই প্ল্যান্টের উৎপাদিত পণ্য বিটিসিএলসহ বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের চাহিদা পূরণ করে বৈদেশিক মুদ্রা সাশ্রয় করা সম্ভব হবে।

### ০৪.৫ সুপার এনামেলড্ কপার ওয়্যার উৎপাদন প্ল্যান্ট:

- উৎপাদন বহুমুখীকরণের অংশ হিসেবে সুপার এনামেলড্ কপার ওয়্যার উৎপাদন প্ল্যান্ট সংগ্রহ ,স্থাপন ও চালু করণের কাজ চলমান রয়েছে। চলতি ২০২৪ সালের ডিসেম্বর মাসের মধ্যে প্ল্যান্টটি চালু হবে।
- এই পণ্য বিদ্যুৎ সেক্টরের উন্নয়নে সহযোগী হিসেবে কাজ করবে এবং বাকেশি'র ব্যবসায়িক কার্যক্রমও সম্প্রসারিত হবে।


### ০৪.৬ ভবিষ্যত কর্ম-পরিকল্পনা:

প্রতিষ্ঠানের ব্যবসায়িক কর্মকান্ড সম্প্রসারণ ও স্থায়ীত্ব সুদৃঢ় করতে নিম্নলিখিত কর্মপরিকল্পনা হাতে নেয়া হয়েছে:

- বিদ্যমান অপটিক্যাল ফাইবার ক্যাবল, টেলিকম ডাক্ট এবং বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর ও ক্যাবল উৎপাদন প্ল্যান্টে নতুন নতুন মেশিনারীজ ও ইক্যুইপমেন্ট সংযোজন করে উৎপাদন সক্ষমতা বৃদ্ধি করা।
- ইন্টারনেট ও ল্যান নেটওয়ার্ক-এ ব্যবহৃত ল্যান/নেটওয়ার্ক ক্যাবল (CAT6/CAT6E/CAT7) উৎপাদনের প্ল্যান্ট স্থাপন ও চালুকরণ।
- বিদ্যুৎ সাশ্রয়ে ভূমিকা রাখতে ১ মেগাওয়াট(পিক) ক্ষমতার সোলার প্যানেল স্থাপন।
- ১১ কেভি ও ৩৩ কেভি ভূ-গর্ভস্থ পাওয়ার ক্যাবল উৎপাদনের লক্ষ্যে প্ল্যান্ট স্থাপন।
- বিদ্যমান ডাক্ট প্ল্যান্ট ব্যবহার করে HDD (Horizontal Drilling Duct) পাইপ ও PVC পাইপ উৎপাদন। ২০২৩ সালের মধ্যে বাণিজ্যিক উৎপাদন সম্ভব হবে বলে আশা করা যায়।

## ০৫. বাকেশি'র কার্যক্রমের উল্লেখযোগ্য সচিত্র প্রতিবেদন:

### ৫.১ নতুন পণ্য হিসেবে Patch Cord ও Pigtail উৎপাদনের জন্য স্থাপিত প্ল্যান্ট ও তৈরিকৃত পণ্যের চিত্র নিম্নরূপ:






১: Patch Cord ও Pigtail উৎপাদন প্ল্যান্ট।

### ৫.২ নতুন পণ্য সুপার এনামেলড্ কপার ওয়্যার উৎপাদন প্ল্যান্ট এর চলমান স্থাপন কার্যক্রমের চিত্র:





২: সুপার এনামেলড্ কপার ওয়্যার উৎপাদন প্ল্যান্ট।

## ০৬. প্রতিবেদনে অন্তর্ভুক্তির জন্য অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্য:

- প্রতিষ্ঠানের অবকাঠামোগত উল্লেখযোগ্য উন্নয়নসহ কারখানার অপটিক্যাল ফাইবার ক্যাবল উৎপাদন ও সরবরাহ সক্ষমতা অনেক বৃদ্ধি পেয়েছে।
- অপটিক্যাল ফাইবার নেটওয়ার্ক সম্প্রসারণে দেশীয় পণ্য টেলিকম ডাক্ট উৎপাদন ও সরবরাহের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং ভবিষ্যতে চাহিদার সাথে সমন্বয় রেখে সরবরাহ বৃদ্ধি করা হবে।
- বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর ও ক্যাবল উৎপাদন প্ল্যান্ট স্থাপন প্রকল্পটি বাকেশির জন্য একটি মাইলফলক। এই প্রকল্পটি ভবিষ্যতে প্রতিষ্ঠানের স্থায়ীত্ব সুদৃঢ় করবে এবং জাতীয় অবদানে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালনে সহায়ক হবে।
- ব্যবসায়িক কর্মকান্ডের সম্প্রসারণে সুপার এনামেলড্ কপার ওয়্যার অত্যন্ত কার্যকর ভূমিকা রাখবে। বিদ্যুৎ সেক্টরের সহযোগী হিসেবে কাজ করে দেশের উন্নয়নে অংশগ্রহণ সম্ভব হবে।
- ২০২৩-২৪ অর্থবছরে চলমান কার্যক্রমসহ ভবিষ্যত কর্মপরিকল্পনার কার্যক্রম সম্পাদিত হলে প্রতিষ্ঠানের স্থায়ীত্ব দৃঢ় হবে এবং টেলিযোগাযোগ ও তথ্য-প্রযুক্তির নেটওয়ার্ক সম্প্রসারণসহ বিদ্যুৎ সেক্টরে উল্লেখযোগ্য অবদান রেখে সমৃদ্ধশালী বাংলাদেশ গঠনে গর্বিত অংশীদার হয়ে কার্যকর ভূমিকা রাখা যাবে।
- উন্নত ও সমৃদ্ধশালী বাংলাদেশের বিনির্মাণের সংগী হতে এবং চতুর্থ শিল্প বিপ্লবের অগ্রযাত্রার সাথে সামঞ্জস্য রেখে এগিয়ে যাওয়ার ক্ষেত্রে অগ্রণী ভূমিকা রাখা সহজ হবে।

১৬/০৮/২৪

**জগদীশ চন্দ্র মন্ডল**
**ব্যবস্থাপনা পরিচালক।**